বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.০৬.০০০১.২৩.৭৫

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

## সার্কুলার

পানি সম্পদ মন্ত্রণালয়ের ০১-১২-২০২৪ খ্রি: তারিখের মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নামে অধিগ্রহণকৃত জমি ব্যক্তিগত নামে লীজ/ইজারা প্রদানের আইনগত দিক পর্যালোচনাপূর্বক ব্যবস্থা গ্রহণ এবং প্রতিমাসে লীজ/ইজারাকৃত জমির তথ্য পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত রয়েছে। বাপাউবো'র নামে অধিগ্রহণকৃত সাময়িক অব্যবহৃত জমি স্বল্পমেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ের মতামত নিয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ এর ধারা ১৭(৪) মোতাবেক "বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড স্থাবর সম্পত্তি ব্যবস্থাপনা নির্দেশিকা-২০১৭" জারি করা হয়েছে।

এমতাবস্থায়, পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী বাপাউবো'র সাময়িক অব্যবহৃত জমি স্বল্প মেয়াদে ইজারা (সাময়িকভাবে ব্যবহারের অনুমতি) ও নবায়ন Kvh©µg "বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড স্থাবর সম্পত্তি ব্যবস্থাপনা নির্দেশিকা-২০১৭" অনুযায়ী অব্যাহত রেখে ইজারা ও ইজারামূল্য প্রাপ্তির তথ্য প্রতি মাসের প্রথম সপ্তাহে নির্ধারিত ছকে ভূমি ও রাজস্ব পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ সার্কুলার জারি করা হলো।

১২-০৫-২০২৫
মোঃ আঃ মজিদ
পরিচালক (ভূমি ও রাজস্ব)
০২২২২২৩০০৫৬
dir.land@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.০৬.০০০১.২৩.৭৫/১ (৯)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো (জোনের আওতাধীন নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি উন্নয়ন সার্কেল (সকল), বাপাউবো সার্কেলাধীন নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ।
৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো (জারীকৃত পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫। উপ-পরিচালক, (ভূমি ও রাজস্ব ), বিভাগ ১/২/৩ অত্র দপ্তর।
৬। সহকারী পরিচালক, (ভূমি ও রাজস্ব) সকল, বাপাউবো।

৭। সহকারী রাজস্ব কর্মকর্তা, (সকল), বাপাউবো।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা ও গবেষণা), বাপাউবো।
৯। অফিস কপি, মাষ্টার কপি।

১২-০৫-২০২৫
মোঃ মনিরুল ইসলাম
উপ-পরিচালক